

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Webside: www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১০১১.২০১৬-৪২০৬

তারিখ : ১৪/০৫/১৬


বিষয় : রীট পিটিশন নং-১৩৯৩৬/২০১৬, বাদী-জনাব মোঃ ইনতেজার আহমেদ, পিতা মৃত-আবু নাসির আহমেদ, বাড়ী নং-১/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ডাক-মোহাম্মদপুর, ঢাকা-বনাম-সরকার ও অন্যান্য।

গাজীপুর সিটি কর্পোরেশনের অন্তর্গত ট্রেড লাইসেন্স হোল্ডিং ট্যাক্স পরিশোধের শর্ত ছাড়াই নবায়ন করার জন্য বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৯৩৬/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের নির্দেশনা বাস্তবায়নসহ সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দফাওয়ারী জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
ইমেইলঃ ishanaliraja@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ২। উপসচিব(সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।